গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার
রাজস্ব শাখা
www.coxsbazar.gov.bd

স্মারক নম্বর: ০৫.২০.২২০০.১২৮.১৫.০০৮.২৬-২২৭৬

তারিখ: ১৯/০৪/১৪৩৩ বঙ্গাব্দ
০৩/০৮/২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ** ব্যক্তি মালিকানাধীন জমি ক্রয়-বিক্রয়ের অনাপত্তি।

উপর্যুক্ত বিষয়ে আবেদনকারীর আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে তফসিলে উল্লিখিত ব্যক্তি মালিকানাধীন জমি বিক্রয়ের অনাপত্তি নির্দেশক্রমে প্রদান করা হলো।

**আবেদনকারীর নাম ও ঠিকানাঃ**

| বিক্রেতার নাম ও ঠিকানা | ক্রেতার নাম ও ঠিকানা |
|---|---|
| ১। মোহাম্মদ মাসুদ আলম, পিতা- সেরাজুল হক, ২। সেলিনা মাসুদ, পিতা- নুরুল ইসলাম, সর্বসাং- ২৭ দক্ষিণ খিলগাঁও, উপজেলা- শাহজাহানপুর, জেলা- ঢাকা। | ১। মাহমুদুল হক, ২। ছৈয়দ নুর, সর্বপিতা- মুফিজুল আলম, সর্বসাং- ঝাউতলা গাড়ীর মাঠ, কক্সবাজার পৌরসভা, উপজেলা- কক্সবাজার সদর, জেলা- কক্সবাজার। |

**শর্তসমূহঃ**

০১। এ অনাপত্তিপত্র নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তিতে বিক্রেতার কোন মালিকানা, দখলীয় স্বত্ব বা জমির প্রাপ্যতা নির্ধারণ করে না বা মালিকানা স্বত্ব/দখলীয় স্বত্বের সমর্থনে কোন সাক্ষ্য বা প্রমাণ বহন করে না।

০২। কোন উপযুক্ত আদালত বা কোন আইনানুগ কর্তৃপক্ষের কোন আদেশ/নিষেধ/ক্রোকাদেশ থাকলে এই অনাপত্তিপত্র কার্যকর হবে না

০৩। ক্রেতাকে কক্সবাজার জেলার জন্য প্রণীত মাস্টার প্ল্যান এর বিধি নিষেধ/ল্যান্ড জোনিং ক্রয় নির্দেশনা মেনে চলতে হবে।

০৪। ক্রেতা/বিক্রেতা কোন ক্ষেত্রেই জমির শ্রেণি বা প্রকৃতি পরিবর্তন করতে পারবে না।

০৫। তফসিলে বর্ণিত সম্পত্তি শুধুমাত্র মাস্টার প্ল্যান এ নির্দেশিত উদ্দেশ্য ব্যতীত ভিন্ন কোন উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না।

০৬। ইমারত নির্মাণ আইন বা কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ/অন্যান্য উপযুক্ত কর্তৃপক্ষের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

০৭। বর্ণিত তফসিলের জমিতে জনস্বার্থ বিঘ্নিত হয় এমন কার্যক্রম গ্রহণ করা থেকে অবশ্যই বিরত থাকতে হবে।

০৮। সরকার কর্তৃক নির্ধারিত হারে সন সন ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।

০৯। **বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন-১৯৯৫, পরিবেশ সংরক্ষণ বিধিমালা ২০২৩ এবং প্রতিবেশ সংকটাপন্ন এলাকা (ইসিএ) সংক্রান্ত সকল বিধি বিধান/সরকারি আদেশ/নির্দেশ মেনে চলতে হবে।**

১০। **ভূমির শিল্প/বাণিজ্যিক ব্যবহারের ক্ষেত্রে এবং কোন প্রতিষ্ঠান/সংস্থা কর্তৃক জমি ক্রয়ের ঊর্ধ্বসীমা অতিক্রম করলে জমি ক্রয়/নামজারির ক্ষেত্রে বিধি মোতাবেক পৃথকভাবে জেলা প্রশাসকের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।**

১১। এই অনাপত্তির মেয়াদ ইস্যুর তারিখ হতে ০৩ (তিন) মাস পর্যন্ত বলবৎ থাকবে। বর্ণিত সময়ের মধ্যে জমি রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে এ অনাপত্তি বাতিল বলে গণ্য হবে এবং পুনরায় অনাপত্তি নিতে হবে।

১২। সমুদ্র সীমানার মধ্যে কোন স্থাপনা করা যাবে না।

১৩। **তফসিলে বর্ণিত জমি কোন ব্যাংক এর নিকট বন্ধক থাকলে এ অনাপত্তিপত্র কার্যকর হবে না।**

**তফসিলঃ**

| উপজেলা | মৌজা | বিএস/সৃজিত/দিয়ারা খতিয়ান | দাগ নম্বর | জমির শ্রেণী | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| উখিয়া | ইনানী | ৮২১৯ | ৯৬৫৯ | নাল | ০.১০০০ |

০৩/০৮/২৬

তানভীর আহমদ
রেভিনিউ ডেপুটি কালেক্টর
কক্সবাজার
ফোন ঃ ০২৩৩৪৪৬২২২৫

সাব-রেজিস্ট্রার
উখিয়া, কক্সবাজার।

CamScanner